

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২০, ২০১৬

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়য়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

কর্মসংস্থান ব্যাংক
প্রধান কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/২০ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৩৯-আইন/২০১৬।—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ৭নং আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫৩ এর উপ-প্রবিধান (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) কোনো কর্মচারীর বিরুদ্ধে কোনো আদালতে একই বিষয়ের উপর কোনো ফৌজদারী মামলা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সম্পাদনের ব্যাপারে কোনো বাধা থাকিবে না।”।

পরিচালনা বোর্ডের আদেশক্রমে

মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ
ব্যবস্থাপনা পরিচালক।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১৪৭২৫)
মূল্য : টাকা ৪.০০